# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৩৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. প্রথম অনুচ্ছেদ - সালাতে ক্বিরাআতের বর্ণনা

بَابُ الْقِرَاءَةِ فِى الصَّلَاةِ

## আরবী

وَعَن عَمْرو بن حُرَيْث: أَنَّهُ سَمِعَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يقْرَأ فِي الْفجْر (وَاللَّيْل إِذا عسعس)
رَوَاهُ مُسلم

## বাংলা

৮৩৬-[১৫] ’আমর ইবনু হুবায়স (রাঃ)হতে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ফজরের (ফজরের) সালাতে ’’ওয়াল লায়লি ইযা- ’আস্’আস্’’ সূরাহ্ তিলাওয়াত করতে শুনেছেন। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম ৪৫৬, আহমাদ ১৮৭৩৩, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৪০০৯।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (أَنَّه سَمِعَ النَّبِيَّ ﷺ يَقْرَأُ فِي الْفَجْرِ وَاللَّيْلِ إِذَا عَسْعَس) ‘‘তিনি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ফজরের (ফজরের) সালাতে ‘‘ওয়াল লায়লি ইযা- ‘আস্‘আসা’’ পাঠ করতে শুনেছেন।’’ অর্থাৎ- তিনি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ফাজরের (ফজরের) সালাতে ঐ সূরাহ্ পাঠ করতে শুনেছেন যাতে ‘‘ওয়াল লায়লি ইযা- ‘আস্‘আসা’’ আয়াত বিদ্যমান আছে। এর অর্থ এ নয় যে, তিনি শুধুমাত্র ঐ আয়াত পাঠ করেছেন। কেননা অধিকাংশ সময়ই নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাতে পূর্ণাঙ্গ সূরাহ্ পাঠ করতেন। বরং কেউ কেউ বলেছেনঃ নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কখনো ফরয সালাতে সূরার অংশ বিশেষ পাঠ করতেন না। তিনি শুধুমাত্র মাগরিবের সালাতে সূরাহ্ আ‘রাফ দু’ রাক্‘আতে ভাগ করে তিলাওয়াত করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55395

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন